বেসিক ব্যাংক লিমিটেড

শতভাগ রাষ্ট্র মালিকানাধীন ব্যাংক

শান্তিনগর শাখা, ঢাকা।

২০০৩ সনের অর্থঋণ আদালত আইন (২০০৩ সনের ৮নং আইন) এর ৩৩(৫) ধারা মতে ইস্যুকৃত সনদপত্র বলে সম্পত্তি বিক্রয়ের নিমিত্তে

নিলাম দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, **বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা**, ঢাকা এর খেলাপী ঋণ গ্রহীতা **"মেসার্স মীমকো কার্বণ কোম্পানী লিঃ" প্রতিনিধিত্বে ব্যবস্থাপনা পরিচালক, জনাব মোঃ ইউসুফ মোল্লা,** পিতা- মৃত জামাল উদ্দিন মোল্লা, ঠিকানাঃ রুম নং-৫০৮, আমিন কোর্ট, ৬২-৬৩ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০। স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পোষ্ট অফিসঃ পারুলিয়া, থানা-পলাশ, জেলা-নরসিংদী, বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা হইতে ০১টি সি.সি ঋণ ও একাধিক মেয়াদী ঋণ গ্রহণ করেন। উক্ত ঋণের বিপরীতে **১। জনাব মোঃ ইউসুফ মোল্লা** (ব্যবস্থাপনা পরিচালক) মীমকো কার্বণ কোম্পানী লিমিটেড ঋণ গ্রহীতা ও বন্ধকদাতা **২। জনাব মোঃ ইয়াসিন মোল্লা**, (চেয়ারম্যান), মীমকো কার্বণ কোম্পানী লিমিটেড, পিতা-মৃত জামাল উদ্দিন মোল্লা, স্থায়ী ঠিকানা-গ্রাম-পোষ্ট অফিসঃ পারুলিয়া, থানা-পলাশ, জেলা-নরসিংদী, (বন্ধকদাতা)। **৩। মিসেস নাজনিন নাহার** (পরিচালক) মীমকো কার্বণ কোম্পানী লিমিটেড, স্বামীঃ মোঃ ইউসুফ মোল্লা, (বন্ধকদাতা), **৪। মোঃ সহিদুল হক মোল্লা, ৫। মোঃ তারিকুল হাসান মোল্লা, ৬। মোঃ শরীফ মোল্লা**, ৪ থেকে ৬ পর্যন্ত সকলের পিতা-মৃত জামাল উদ্দিন মোল্লা ও স্থায়ী ঠিকানাঃ গ্রাম-পোষ্ট অফিসঃ পারুলিয়া, থানা-পলাশ, জেলা-নরসিংদী, বন্ধকদাতা হিসাবে এদের বিরুদ্ধে ডিক্রীদার ব্যাংক অর্থজারী মোকদ্দমা নং-৪২০/২০২০, তারিখ- ২৬/০৮/২০২০ দায়ের করিয়া অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ৩৩(৫) ধারার বিধান মোতাবেক ডিক্রীদার ব্যাংকের পাওনা ও ডিক্রীকৃত টাকা **৬২,৪১,৮৮,৯২৩.৯৭ (বাষট্টি কোটি এক চল্লিশ লক্ষ আটাশি হাজার নয়শত তেইশ টাকা সাতানব্বই পয়সা)** মাত্র এবং উক্ত টাকা আদায় হওয়া কালতক পর্যন্ত সময়ের জন্য ডিক্রীকৃত টাকার উপর ১২% বার্ষিক সরল হার সুদ পরিশোধ না হওয়া পর্যন্ত দায়িক পক্ষের স্বত্ব দখলীয় নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি দখলভোগের/বিক্রয়ের অধিকার লাভ করেন এবং বিগত ১৫/১২/২০২১ তারিখে বিজ্ঞ অর্থঋণ আদালত নং-০১, ঢাকা ডিক্রীদার ব্যাংকের বরাবরে একখানা সার্টিফিকেট প্রদান করেন। ফলে ডিক্রীদার ব্যাংক কর্তৃক পাওনা ডিক্রীকৃত টাকা এবং নিলামকাল পর্যন্ত সুদ ও আনুষাঙ্গিক খরচ আদায়ের লক্ষ্যে নিম্ন তফসিল সম্পত্তি নিলামে বিক্রয়ের নিমিত্তে আগ্রহী ক্রেতাগনের নিকট হইতে নিম্ন লিখিত শর্ত সাপেক্ষে দরপত্র আহবান করা যাইতেছে। **আগামী ২৪/১১/২০২২ ইং** তারিখ বেলা ২.০০ (দুই) ঘটিকার মধ্যে ব্যাংকের শান্তিনগর শাখায় রক্ষিত বাক্সে সরাসরি কিংবা রেজিষ্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা করিতে হইবে।

= শর্তাবলী =

১। প্রত্যেক দরপত্র উক্ত বিজ্ঞপ্তি সহকারে তাহাদের নিজস্ব প্যাডে অথবা সাদা কাগজে স্পষ্ট অক্ষরে তাহাদের নাম, ঠিকানা, টেলিফোন নম্বর (যদি থাকে), টেন্ডার মূল্য অংকে ও কথায় লিখিয়া এবং দরপত্র সীল মোহরকৃত খামে এবং খামের উপর স্পষ্ট অক্ষরে "সম্পত্তি ক্রয়ের দরপত্র" লিখিয়া দাখিল করিতে হইবে।

২। দরপত্র অপরাহ্ন ২.০০ ঘটিকার মধ্যে বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা, ঢাকায় রক্ষিত দরপত্র বাক্সে সরাসরি কিংবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে জমা দিতে হইবে। উক্ত দিবসেই অপরাহ্ন ২.১৫ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেউ উপস্থিত থাকেন) দরপত্র বাক্স খোলা হইবে। রেজিস্ট্রি ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে তাহা অবশ্যই উক্ত নির্ধারিত সময়ের মধ্যে পৌঁছাইতে হইবে।

৩। দরপত্র দাখিল করিবার সময় প্রযোজ্য আর্নেস্ট মানি (অগ্রিম মূল্য) ও মূল্য পরিশোধের সময়সীমা নিম্নোক্ত ছকে দেওয়া হইল। সময়সীমার মধ্যে সমুদয় অর্থ পরিশোধে ব্যর্থ হলে ব্যাংক উক্ত জামানতের টাকা বাজেয়াপ্ত করিতে পারিবেন।

আর্নেস্ট মানি/জামানতের পরিমান	অবশিষ্ট মূল্য পরিশোধের সময়সীমা
ক। উদ্ধৃত দর ১০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ২০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৩০ দিবসের মধ্যে।
খ। উদ্ধৃত দর ১০.০১ লক্ষ টাকা হইতে ৫০.০০ লক্ষ টাকা পর্যন্ত দরপত্র মূল্যের ১৫% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে।
গ। উদ্ধৃত দর ৫০.০০ লক্ষ টাকার অধিক হইলে দরপত্র মূল্যের ১০% হারে	দরপত্র গৃহীত হইবার পরবর্তী ৬০ দিবসের মধ্যে।

৪। দরপত্র প্রদত্ত মূল্য অস্বাভাবিক ভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে বা নিম্নোক্ত যে কোন একটি তফসিলের আংশিক সম্পত্তির ক্রয়ের জন্য দরপত্র দাখিল করিলে বা কম জামানত বা ত্রুটিপূর্ণ দরপত্র দাখিল করিলে তাহা সরাসরি বাতিল বলিয়া গণ্য হইবে।

৫। উপরে বর্ণিত ৩নং শর্তের অধীনে প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে সম্পত্তি ক্রয়ে আহবান করিতে পারিবেন।

৬। সফল দরদাতাকে নিম্ন তফসিল বর্ণিত সম্পত্তির রেজিস্ট্রেশন সংক্রান্ত যাবতীয় খরচ এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী, স্বায়ত্তসাশিত প্রতিষ্ঠানের যথা পৌরসভা, ওয়াসা, পিডিবি, পানি, বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনা বা দাবী বা বিবিধ খরচ থাকিলে তাহা দরদাতাকে বহন করিতে হইবে।

৭। নিলামে অংশ গ্রহনে ইচ্ছুক আগ্রহী ক্রেতাগণ বিস্তারিত জানার জন্য ব্যাংকের সংশ্লিষ্ট শাখায় অফিস চলাকালীন সময়ে যোগাযোগ করিতে পারিবেন।

৮। কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন বা সকল দরপত্র বাতিল করিবার অধিকার ব্যাংক সংরক্ষন করেন বটে।

Schedule (As per Reg Deed No. 790, dated 16-01-2011)

District-Dhaka, P.S & Sub-Registry Office: Ashulia under Dhaka Collcctorate Touzi J.L No. C.S-613, S.A-128, R.S-126, Mouza: Mirer Changoan, Khatian No. S.A-19, R.S-11, plot No. C.S & S.A-23, R.S. 49. Property measures 07 decimals of land, Mutation Khatian No.142, vide Mutation Misc. Case No. 20946/2012-2013 dated 24-02-2013 Jote No.141. Owned By Yousuf Mollah. Butted & Bounded By:- On the North- Wife of Dulal Mondal, On the South- Vandee own property, On the East- Road, On the West- Samsuddin Dewan and Abdullah Al-Mamun. Along with all structure and building constructed or to be constructed thereon together with all rights, interests, benefits, easement etc. attached thereto.

ডেপুটি জেনারেল ম্যানেজার
বেসিক ব্যাংক লিমিটেড, শান্তিনগর শাখা
২৬,২৭,২৭/১ গ্রীনসিটি রিজেন্সী, কাকরাইল, ঢাকা।

দৈনিক সমকাল
প্রকাশ তারিখ- ২৮/১০/২০২২